

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকৌশল অফিস

ফোন- ৯৬৬৫৬১৯, পি.এ.বি.এক্স-৫৫১৬৭১০০/৭৫২৪, ৭৪৬৭



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

নং-প্রথ/ও-৩/১৬/ই- ৭২৪ (১০০)

তারিখ: ০৬-০৮-১৫

জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্যাস ব্যবহারে সতর্কতা অবলম্বনের জন্য তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ-এর পক্ষ থেকে একখানা সতর্কীকরণ বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকা মারফত জারী করেছে। নিম্নে উহা উল্লেখ করা হলো :



**তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)**

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে যে, সম্মানিত গ্রাহকবৃন্দের সচেতনতার অভাবে প্রায়শই গ্যাসজনিত অগ্নিদুর্ঘটনায় জানমালের ক্ষতি হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে গ্রাহকবৃন্দকে নিম্নরূপ সতর্কতামূলক ন্যূনত্বাদি গ্রহণের জন্য অনুরোধ করা হল :

- ১. রান্না শেষে গ্যাসের চুলা বন্ধ করা হয়েছে কি না তা নিশ্চিত করুন।
 - ২. চুলার নব এবং পিতলের চাবিতে কোন লিকেজ আছে কি না তা নিশ্চিত করুন।
 - ৩. চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০ মিনিট পূর্বে রান্না ঘরের দরজা/জানালা খুলে দিন।
 - ৪. বাসা-বাড়িতে গ্যাস লাইনে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দিন এবং আগুন জ্বালানা থেকে বিরত থাকুন।
 - ৫. গ্যাস লাইনে লিকেজ হলে তাৎক্ষণিকভাবে কোম্পানীর জরুরী গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রে (ফোন: ৯৬৬৩৬৭৬৭-৬৮) খবর দিন।
 - ৬. কোম্পানীর ওয়েবসাইটে (www.titasgas.org.bd) প্রকাশিত তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে বাসা-বাড়ির অভিপ্রায়ী গ্যাস লাইনের কাজ সম্পাদন করুন।
 - ৭. আসিনায় স্থাপিত রাইজারটি সর্বদা উন্মুক্ত রাখুন।
 - ৮. গ্যাসের চুলা/গ্যাস পাইপলাইনের সন্ধিক্ষেত্রে কোন দাহ্য পদ্মর্থ বা বৈদ্যুতিক ঝালিন স্থাপন করা থেকে বিরত থাকুন।
 - ৯. আকারে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখবেন না।
 - ১০. অবৈধভাবে গ্যাস সংযোগ গ্রহণ/ব্যবহার হতে বিরত থাকুন, অবৈধ গ্যাস সংযোগে নিম্নমানের মালামাল ব্যবহার করা হয় যা গ্যাস-লিকেজ/বিস্ফোরণ/অগ্নিকাণ্ডের মত দুর্ঘটনার কারণ।
 - ১১. মনে রাখবেন আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা থেকে আপনাকে রক্ষা করতে।
- এ সতর্কীকরণ বিজ্ঞপ্তি জনস্বার্থে প্রচার করা হলো।

তিতাস/জনসংযোগ-৮৯/২০১৫-১৬

৩-639/02/16 (5"×3)

—কর্তৃপক্ষ

এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(এম. এম. আব্দুল আলীম)
প্রধান প্রকৌশলী

বিতরণ :

- ১। সকল আবাসিক এলাকার সম্মানিত এলোচিবৃন্দ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল অফিস প্রধান/বিভাগীয় প্রধান/ পরিচালকবৃন্দ/ হল প্রভোস্টগণ/ শাখা প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- সংশ্লিষ্ট সকলের অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ/পুর-১, ২, ৩), বাঃ প্রঃ বিঃ, ঢাকা।